

উদ্দেশ্য: ৭৪ ২/২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

রিজি. জা. প্রা. ৭৪
সকল ১৫০০ নম্বর দিন।
২/২/২০২২

স্মারক নং প্রাশিঅ/৪ই/৪বিদ্যা-চট্ট/২০১১/ ৬৭/৬৪(৭)

তারিখ: ২২/০১/২০২২
তারিখ: ২০/১৪/২০১৮
তারিখ: ২০/১৪/২০১৮

বিষয়ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের অধ্যয়নের/পরীক্ষায় অংশ গ্রহনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে/জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাইভেট কোর্সে/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে নৈশকোর্সে অধ্যয়নের জন্য নিয়োগকারী কর্মকর্তা হিসাবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অনুমতি দিবেন।

শর্তাবলীঃ

- সংশ্লিষ্ট শিক্ষকের সি.ইন.এড প্রশিক্ষণ থাকতে হবে।
- অধ্যয়নের জন্য কোন ছুটি মঞ্জুর করা যাবে না। শুধুমাত্র পরীক্ষার নির্দিষ্ট দিনসমূহের জন্য নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাবে।
- অধ্যয়নের/পরীক্ষায় অংশ গ্রহনের কারণে প্রাতিষ্ঠানিক দৈনন্দিন কাজে কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না।
- যে সকল শিক্ষক/শিক্ষিকা চাকুরীতে ১ম নিয়োগ প্রাপ্তির ও যোগদানের পূর্ব থেকেই কোন কোর্সে অধ্যয়নরত ছিলেন তাদেরকে পরীক্ষায় অংশগ্রহনের অনুমতি প্রদান করা যাবে। তবে চাকুরীতে যোগদানের পূর্বে কোর্স সমাপ্ত হয়েছে মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্র জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট জমা দিতে হবে।
- অধ্যয়নের/পরীক্ষায় অংশগ্রহনের জন্য ভূতাপেক্ষিক অনুমতি/অনুমোদন দেওয়া যাবে না।
- নৈশ কোর্সে অধ্যয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকের কর্মহলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের অনুমতি দেওয়া যাবে।

২। উল্লেখ্য, যে সকল শিক্ষকদের অধ্যয়নের/পরীক্ষায় অংশগ্রহনের অনুমতি প্রদানের লক্ষ্যে ইতোপূর্বে অধিদপ্তরে কাগজপত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু অধিদপ্তর থেকে অনুমতি প্রদান করা হয়নি তাদের বিষয়টি তার কার্যালয় থেকে উপরোক্ত নিয়মাবলী অনুসরণপূর্বক নিষ্পত্তি করতে হবে।

দেবেশ চন্দ্র সরকার
সহকারী পরিচালক (বিদ্যালয়)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৯০০০২৩১

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
(সকল)।

২৪/১/২২